রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৩, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

প্রজ্ঞাপন

তারিখ, ৯ই পৌষ, ১৪০০/২৩শে ডিসেম্বর, ১৯৯৩

এস, আর, ও নং ২৪৮-আইন/৯৩-শ্রশা-১০/মজুরী-৪/৯১—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1)এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "প্রিন্টিং প্রেস" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 (1) এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বিধৃত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

তফসিল

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদ বিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা টাকা | মোট টাকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| গ্রেড-১ ঃ .. | ১৯০০ | ১৫০ | ২০৫০ |
| ১ সিনিয়র অফসেট অপারেটর | | | |
| ২ সিনিয়র সুপারভাইজার | | | |



মূল্যঃ টাকা ৩.০০

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ৩ সিনিয়র কেমার মেশিন অপারেটর | | | |
| ৪ সিনিয়র ষ্ট্রীপার | | | |
| গ্রেড-২ : .. | ১৫০০ | ৬৫০ | ২১৫০ |
| ১ জুনিয়র অফসেট অপারেটর | | | |
| ২ সিনিয়র মনো অপারেটর | | | |
| ৩ সিনিয়র ক্যামেরাম্যান | | | |
| ৪ সিনিয়র রিটাচার | | | |
| ৫ সিনিয়র কোরম্যান | | | |
| ৬ জুনিয়র প্লেটমেকার | | | |
| ৭ জুনিয়র কেমার মেশিন অপারেটর | | | |
| ৮ জুনিয়র ষ্ট্রীপার | | | |
| ৯ সিনিয়র কম্পিউটার অপারেটর | | | |
| গ্রেড-৩ : ১০ | ১২০০ | ৫৭৫ | ১৭৭৫ |
| ১ অফসেট সহকারী | | | |
| ২ জুনিয়র রিটাচার | | | |
| ৩ জুনিয়র ক্যামেরাম্যান | | | |
| ৪ জুনিয়র কোরম্যান | | | |
| ৫ সিনিয়র মনোকাষ্টার | | | |
| ৬ সিনিয়র কম্পোজিটর | | | |
| ৭ সেল্ফ ফুট মেশিনম্যান | | | |
| ৮ অটোমেটিক মেশিনম্যান | | | |
| ৯ সিনিয়র প্রুফ মেকার | | | |
| ১০ সিনিয়র প্লেট মেকার | | | |
| ১১ সিনিয়র প্রুফ রিডার | | | |
| ১২ সিনিয়র ইলেকট্রো টাইপ | | | |
| ১৩ কাগজ মেশিনম্যান | | | |
| ১৪ ষ্টিচিং মেশিনম্যান | | | |
| ১৫ কাটার | | | |
| ১৬ হাই কাটিং মেশিনম্যান | | | |
| ১৭ চীফ বাইন্ডার | | | |
| ১৮ জুনিয়র কম্পিউটার অপারেটর | | | |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| গ্রেড-৪ : .. | ১৭৫০ | ৩১০ | ১৭২০ |
| ১ জুনিয়র মনো অপারেটর | | | |
| ২ জুনিয়র মনোকাস্টার | | | |
| ৩ জুনিয়র কম্পোজিটর | | | |
| ৪ রুলিং মেশিনম্যান | | | |
| ৫ জুনিয়র প্লেইট মেকার | | | |
| ৬ জুনিয়র ব্লক মেকার | | | |
| ৭ জুনিয়র প্রুফ রিডার | | | |
| ৮ সিনিয়র টাচার | | | |
| ৯ সিনিয়র বাইন্ডার | | | |
| ১০ লাইনো বারম্যান | | | |
| ১১ সিনিয়র ক্রেডল মেশিনম্যান | | | |
| ১২ সহকারী অটোমেটিক মেশিনম্যান | | | |
| ১৩ সহকারী কারিগর | | | |
| ১৪ ফোল্ডিং সহকারী মেশিনম্যান | | | |
| ১৫ গ্রাইন্ডিং ম্যান | | | |
| ১৬ কাটার সহকারী | | | |
| ১৭ সহকারী ডাই কাটিং মেশিনম্যান | | | |
| ১৮ পেস্টার | | | |
| ১৯ সিনিয়র মাউন্টার | | | |
| ২০ ফিডিং ম্যাশিনম্যান | | | |
| ২১ পেপার বোর্ড কাটিং ম্যান | | | |
| ২২ কাটিং মেশিন অপারেটর | | | |
| ২৩ জেনারেল মেশিন সহকারী | | | |
| গ্রেড-৫ : .. | ১০৫০ | ৪০০ | ১৪১০ |
| ১ সহকারী কম্পোজিটর | | | |
| ২ মেশিনম্যান সহকারী | | | |
| ৩ জুনিয়র টাচার | | | |
| ৪ জুনিয়র বাইন্ডার | | | |
| ৫ সিনিয়র প্রুফ বয় | | | |
| ৬ প্লেইনার | | | |
| ৭ প্লেইট মেকার সাহায্যকারী | | | |
| ৮ [illegible] সাহায্যকারী | | | |

| ১ | | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| ৯ জুনিয়র মডিন্টার | | | | |
| ১০ সহকারী কাটিং মেশিন অপারেটর | | | | |
| ১১ জুনিয়র ষ্ট্রেডল মেশিনম্যান | | | | |
| গ্রেড-৬ : | .. | ৯০০ | ৪২০ | ১৩২০ |
| ১ সহকারী ষ্ট্রেডল মেশিনম্যান | | | | |
| ২ ইংকম্যান | | | | |
| ৩ প্রুফ বয় | | | | |
| ৪ সহকারী প্লেইনার | | | | |
| ৫ মুদ্রণ সাহায্যকারী | | | | |
| ৬ বাইন্ডিং সাহায্যকারী | | | | |
| ৭ কাটিং মেশিন সাহায্যকারী | | | | |

কর্মচারীদের পদবিন্যাস

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ |
| গ্রেড-১ : | .. | ১৬০০ | ৬৩০ | ২২৩০ |
| ১ সিনিয়র হিসাব রক্ষক | | | | |
| গ্রেড-২ : | .. | ১৪০০ | ৫৭০ | ১৯৭০ |
| ১ হিসাব রক্ষক | | | | |
| ২ সিনিয়র টাইপিষ্ট কাম ক্লার্ক | | | | |
| গ্রেড-৩ : | .. | ১২০০ | ৫১০ | ১৭১০ |
| ১। সহকারী হিসাব রক্ষক | | | | |
| ২। ষ্টোর কিপার | | | | |
| ৩। জুনিয়র টাইপিষ্ট কাম ক্লার্ক | | | | |
| ৪। ষ্টোর এসিষ্টেন্ট | | | | |
| ৫। ক্যাশিয়ার | | | | |
| ৬। ড্রাইভার | | | | |
| ৭। সেলসম্যান | | | | |
| ৮। টেলিফোন অপারেটর | | | | |
| ৯। টাইম কিপার | | | | |

| ১ | | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| গ্রেড-৪ : | .. | ৯০০ | ৪২০ | ১৩২০ |

১। পিয়ন
২। দারোয়ান
৩। ক্লিনার/সুইপার

বিশেষ দ্রষ্টব্য: প্রান্তিক ভাতা বলিতে বুঝায়:--

১। বাড়ী ভাড়া ভাতা : মূল মজুরীর ৩০%
২। চিকিৎসা ভাতা : ১৫০ টাকা মাসিক

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোল্লা গোলাম সারওয়ার
উপ-সচিব (শ্রম)।

বিঃ দ্রঃ এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ ১৯৯৩ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৯৩

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৯ই এপ্রিল ১৯৯১ইং তারিখে জারীকৃত শ্র ও ক-১০/মজুরী-৪/৯১/৪৪ নম্বর প্রজ্ঞাপন এবং ৫ই জানুয়ারী, ১৯৯২ তারিখে জারীকৃত শ্র ও ক-১০/মজুরী-৪/৯১/০২ নম্বর সংশোধনী প্রজ্ঞাপন দ্বারা প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ২৮শে এপ্রিল, ১৯৯২ইং তারিখে জারীকৃত এস,আর, ও নং-৯৫-আইন/৯২ শ্র ও ক-১০/মজুরী-৪/৯১ নম্বর প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বহু প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠানে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে (খসড়া সুপারিশ প্রনয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর) ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া খসড়া সুপারিশের উল্লেখিত নিম্নতম মজুরী অপরিবর্তিত রাখিয়া এবং শ্রমিক পদবিন্যাসের আংশিক সংশোধন করিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন :—

১। প্রিন্টিং প্রেস শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, (৪) গ্রেড-৪, (৫) গ্রেড-৫, ও (৬) গ্রেড-৬ এই ছয় শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩ ও (৪) গ্রেড-৪ এই চার শ্রেণীতে পদবিন্যাস করা হয়। যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"এ দেখা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টার-ভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২ (৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবে এবং উক্ত নিয়োগ-কারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ শ্রমের মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকেন তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা যথাবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মালিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল সরকার প্রকাশিত/প্রযোজ্য পৃথক আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

এ,এম,এম, মোবারক হোসেন
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

অধ্যাপক মমতাজ উদ্দিন আহমদ
নিরপেক্ষ সদস্য।

শাহ আলম চৌধুরী
মালিক পক্ষের সদস্য।

মকবুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

আবদুস সোবহান
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবদুল হামিদ তালুকদার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।